# ২০১৯
# বাংলা

## (জেনেরিক ইলেকটিভ)

## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

## দ্বিতীয় সেমেস্টার

## কোর্স কোড : BNGH/GE-T-II

## (বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) : গদ্যের বিকাশ থেকে সাময়িক পত্র ও ভাষাতত্ত্ব)

পূর্ণমান : ৬০ সময় : ২$\frac{১}{২}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) টেকচাঁদ ঠাকুর কার ছদ্মনাম? তার লেখা একটি স্মরণীয় গ্রন্থের নাম লেখো।

খ) 'কেরী সাহেবের মুন্সি' নামে কে পরিচিত? তাঁর লেখা দু'টি বইয়ের নাম লেখো।

গ) নাট্যকারগণের নাম লেখো :
সধবার একাদশী, রাজা, নবান্ন, প্রফুল্ল।

ঘ) গিরিশচন্দ্র ঘোষ কোন্ জাতীয় নাটক রচনায় প্রসিদ্ধ? তাঁর ঐ শ্রেণীর দু'টি নাটকের নাম লেখো।

(পরের পাতায়)

ঙ) 'ভ্রান্তিবিলাস' — গ্রন্থটি কার রচনা? এটি কোন্ গ্রন্থ অবলম্বনে রচিত?

চ) অনুসর্গ কাকে বলে? দু'টি অনুসর্গের উল্লেখ করো।

ছ) কারক কী? বাংলা ব্যাকরণ অনুসারে কারক কয় প্রকার?

জ) কোন্‌টি কোন্ ধরনের ধ্বনি পরিবর্তন তা নির্দেশ করো —

জনম, হাঁসপাতাল, রিস্কা, ধইর‍্যা।

ঝ) সাধু ভাষার দু'টি বৈশিষ্ট্য লেখো এবং সেগুলির দৃষ্টান্ত দাও।

ঞ) 'বঙ্গদর্শন' — পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক কে? এটির প্রকাশকাল লেখো।

ট) 'ছন্দের যাদুকর' নামে কে পরিচিত? তাঁর লেখা একটি কাব্যের নাম লেখো।

ঠ) কাব্যগুলির রচয়িতার নাম লেখো :

ব্রজাঙ্গনা, সাতটি তারার তিমির, বিষের বাঁশি, ছাড়পত্র।

ড) স্বরভক্তি কাকে বলে? স্বরভক্তির দু'টি দৃষ্টান্ত দাও।

ঢ) 'এষা' কাব্যটি কার রচনা? এটি কোন্ জাতীয় কাব্য?

ণ) 'গৌড়ীয় ব্যাকরণ' — কার রচনা? তাঁর লেখা আরও একটি গ্রন্থের নাম লেখো।

২। ক-বিভাগ থেকে তিনটি এবং খ-বিভাগ থেকে একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(বিভাগ - ক)

ক) বাংলা নাটকের ইতিহাসে মধুসূদন দত্তের অবদান উল্লেখ করো।

খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত চারটি উপন্যাসের নাম লেখো এবং তার মধ্যে দু'টি উপন্যাস সম্পর্কে আলোচনা করো।



গ) বাংলা চলিত গদ্যের ইতিহাসে কালিপ্রসন্ন সিংহের অবদান নির্দেশ করো।

ঘ) টীকা লেখো (যে-কোনো **দু'টি**) :

সংবাদ প্রভাকর, দিগদর্শন, মীর মশাররফ হোসেন, সারদামঙ্গল।

(বিভাগ - খ)

ঙ) উপভাষা কাকে বলে? বঙ্গালী উপভাষার বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো।

চ) টীকা লেখো (যে-কোনো **দু'টি**) :

স্বরসঙ্গতি, বর্ণবিপর্যয়, অনুসর্গ, নাসিক্যীভবন।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বাংলা গদ্য ভাষা ও সাহিত্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের ভূমিকা নির্দেশ করো।

খ) ঈশ্বর গুপ্তকে 'যুগসন্ধির কবি' বলার কারণ কী? বাংলা সাহিত্যে তাঁর বহুমুখী অবদান সম্পর্কে আলোচনা করো।

গ) রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা রূপক ও সাংকেতিক নাটকগুলি সম্পর্কে আলোচনা করো।

ঘ) রেখচিত্রসহ বাংলা শব্দভাণ্ডার সম্পর্কে একটি সামগ্রিক ধারণা দাও।

———